

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-জনসংযোগ/

তারিখ: ০৮/১২/২০১৫ খ্রি:

বিষয় : আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস, ২০১৫ উদযাপন।

“দেশ প্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”। এই প্রতিপাদ্যকে সামনে রেখে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস (০৯ ডিসেম্বর, ২০১৫) উদযাপন করছে দুর্নীতি দমন কমিশন। ২০০৭ সালের ২৭ ফেব্রুয়ারী বাংলাদেশ জাতিসংঘের দুর্নীতি বিরোধী সনদে স্বাক্ষর করার পর থেকে প্রতিবছর ০৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উদযাপন করে আসছে কমিশন। এ উপলক্ষে উল্লেখযোগ্য কর্মসূচির মধ্যে রয়েছে সকাল সোয়া নয়টায় কমিশনের প্রধান কার্যালয় সম্মুখ হতে বর্ণাঢ্য র্যালি বের হবে। র্যালিটি কাকরাইল মোড় - বিজয়নগর - তোপখানা রোড হয়ে প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করবে। মানববন্ধন শেষে র্যালিটি মৎস্য ভবন হয়ে দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়ে এসে শেষ হবে। কমিশনের চেয়ারম্যান মোঃ বদিউজ্জামান, কমিশনার (তদন্ত) মোঃ সাহাবুদ্দিন চুপ্পু ও কমিশনার (অনুসন্ধান) ড. নাসিরউদ্দীন আহমেদ এর নেতৃত্বে কমিশনের সকল কর্মকর্তা-কর্মচারী, দুদকের প্যানেল আইনজীবী, দুদক বিটে কর্মরত সাংবাদিকদের সংগঠন রিপোর্টার্স এগেইনস্ট করাপশন (র্যাক) এর সদস্যগণসহ সর্বস্তরের সাধারণ মানুষ র্যালিতে অংশগ্রহণ করবেন।

র্যালি শেষে বেলা ১১ টায় দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। কমিশনের চেয়ারম্যান মোঃ বদিউজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিতব্য আলোচনা সভায় দৈনিক সমকাল পত্রিকার সম্পাদক গোলাম সরওয়ার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখবেন। ঐদিন সন্ধ্যা ৬টায় ঢাকার শাহাবাগস্থ শিশু পার্কে দুর্নীতি বিরোধী গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ড্রামামান চলচ্চিত্র প্রদর্শন করা হবে।

কেন্দ্রীয় কর্মসূচির পাশাপাশি দেশের সকল উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে দুর্নীতি বিরোধী র্যালি, মানববন্ধন, সাংস্কৃতিক অনুষ্ঠান, ড্রামামান চলচ্চিত্র প্রদর্শন করা হবে। দুর্নীতি দমন কমিশনের ৭টি বিভাগীয় কার্যালয়, ২২টি সমন্বিত জেলা কার্যালয়, উপজেলা/জেলা/নগর/মহানগর দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং সততা সংঘের সদস্যরা তৃণমূল পর্যায়ে এ সকল কর্মসূচি বাস্তবায়ন করবেন।

এখানে উল্লেখ্য যে, দুর্নীতি দমন কমিশন সমাজের বিশিষ্ট ব্যক্তিদের সমন্বয়ে দেশের ৯টি আঞ্চলিক মহানগর, ৬২ টি জেলা এবং ৪২১টি উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন করেছে। এ সকল কমিটির তত্ত্বাবধানে দেশের প্রায় ২২ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে ‘সততা সংঘ’ গঠন করা হয়েছে। ‘সততাই সর্বোৎকৃষ্ট পছন্দ’ এই মূলমন্ত্রে উজ্জীবিত হয়ে দেশের তরুণ প্রজন্মের মধ্যে সততা চর্চার প্রসারের লক্ষ্যেই সততা সংঘ গঠন করা হয়েছে।

আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবসের কর্মসূচির অংশ হিসেবে আগামী ১০ ডিসেম্বর বৃহস্পতিবার সকাল ১০টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে দুর্নীতি দমন কমিশনের উদ্যোগে ‘গণশুনানি’ অনুষ্ঠিত হবে। গণশুনানিতে ঢাকার তেজগাঁও, গুলশান ও সূত্রাপুর সাব-রেজিস্ট্রার অফিস এবং গুলশান, তেজগাঁও ও কোতয়ালী অঞ্চলের সহকারী কমিশনার (ভূমি) অফিসসমূহ হতে সেবা গ্রহণে যে সকল নাগরিকবৃন্দ হয়রানি বা দুর্নীতির শিকার হয়েছেন তারা ঐদিন অনুষ্ঠিতব্য গণশুনানিতে দালিলিক প্রমাণাদিসহ অংশগ্রহণ করতে পারবেন। সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্মকর্তাগণ গণশুনানিতে উপস্থিত থাকবেন।


(প্রণব কুমার ভট্টাচার্য্য)
উপপরিচালক

ও

জনসংযোগ কর্মকর্তা
দুর্নীতি দমন কমিশন।